

■■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৩৬২ বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ১৬৭- প্রবীণদের নেতৃপদে সমাসীন করা।

بَابُ تَسْوِيدِ الأَكَابِرِ

আরবী

حَدَّتَنَا عَمْرُو بْنُ مَرْزُوقٍ، قَالَ: حَدَّتَنَا شُعْبَةُ، عَنْ قَتَادَةَ: سَمِعْتُ مُطَرِّفًا، عَنْ حَكِيمِ بْنِ قَيْسِ بْنِ عَاصِمٍ، أَنَّ أَبَاهُ أَوْصَى عِنْدَ مَوْتِهِ بَنِيهِ فَقَالَ: اتَّقُوا اللَّهَ وَسَوِّدُوا أَكْبَرُكُمْ، فَإِنَّ الْقَوْمَ إِذَا سَوَّدُوا أَصْغَرَهُمْ أَرْرَى بِهِمْ ذَلِكَ فِي أَكْفَائِهِمْ. الْقَوْمَ إِذَا سَوَّدُوا أَصْغَرَهُمْ أَرْرَى بِهِمْ ذَلِكَ فِي أَكْفَائِهِمْ. وَعَلَيْكُمْ بِالْمَالِ وَاصْطِنَاعِهِ، فَإِنَّهُ مَنْبَهَةٌ لِلْكَرِيمِ، وَيُسْتَغْنَى بِهِ عَنِ اللَّئِيمِ. وَإِيَّاكُمْ وَمَسْأَلَةَ وَعَلَيْكُمْ بِالْمَالِ وَاصْطِنَاعِهِ، فَإِنَّهُ مَنْبَهَةٌ لِلْكَرِيمِ، وَيُسْتَغْنَى بِهِ عَنِ اللَّبْعِمِ. وَإِيَّاكُمْ وَمَسْأَلَةَ النَّاسِ، فَإِنَّهَا مِنْ آخِرِ كَسْبِ الرَّجُلِ. وَإِذَا مُتُ فَلاَ تَنُوحُوا، فَإِنَّهُ لَمْ يُنَحْ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم. وَإِذَا مُتُ فَادُفِنُونِي بِأَرْضٍ لاَ يَشْعُرُ بِدَفْنِي بَكْرُ بْنُ وَائِلٍ، فَإِنِي كُنْ بَنُ وَائِلٍ، فَإِنِي كُنْتُ أُغَافِلُهُمْ فِي الْجَاهِلِيَّةِ.

বাংলা

৩৬২। হাকীম ইবনে কায়েস ইবনে আসেম (রহঃ) থেকে বর্ণিত। তার পিতা তার মৃত্যুকালে তার সন্তানদের ওসিয়াত করে বলেন, তোমরা আল্লাহকে ভয় করো এবং তোমাদের মধ্যুকার প্রবীণ ব্যক্তিকে নেতৃত্ব দান করো। কেননা কোন সম্প্রদায় তাদের প্রবীণদের উপর নেতৃত্ব অর্পণ করলে তারা তাদের পূর্বপুরুষের অনুসরণ করে এবং তাদের বয়কনিষ্ঠদের নেতৃপদে দিলে তারা তাদের সমকক্ষদের দৃষ্টিতে তাদেরকে হেয় করে দেয়। তোমরা অবশ্যই সম্পদ সংরক্ষণ করো এবং তা উৎপাদনমুখী কাজে বিনিয়োগ করো। কেননা তা সন্ত্রান্ত ব্যক্তিকে স্মরণীয় করে এবং তা দ্বারা ইতর লোকের মুখাপেক্ষী হওয়া থেকে বাঁচা যায়। সাবধান! মানুষের কাছে যাঞ্চা করা থেকে বিরত থাকবে। কারণ তা হচ্ছে মানুষের উপার্জনের সর্বশেষ উপায়। আমি মারা গেলে তোমরা আমার জন্য বিলাপ করবে না। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য বিলাপ করা হয়নি। আমি মারা গেলে আমাকে এমন স্থানে দাফন করবে যেন বাকর ইবনে ওয়াইল গোত্র তা টের না পায়। কেননা জাহিলী যুগে আমি তাদের সাথে বহু অন্যায় করেছি (নাসাঈ, আহমাদ, বুখারী)।

English



Hakim ibn Qays ibn 'Asim reported that when his father was dying, he enjoined his sons:

"Fear Allah and make the oldest among you your leaders. When people make the oldest among them their leaders, they follow their fathers. When they make the youngest among them their leaders, that lowers them in the sight of their peers. You must have wealth and use it well. It is an impetus for the generous and it will make you independent of critics. Beware of asking people. It is a man's last source of earning. When I die, do not wail. There was no wailing for the Messenger of Allah, may Allah bless him and grant him peace. When I die, bury me in a land where the Bakr ibn Wa'il will not know where I am buried. I used to waylay on the roads in the time of the Jahiliyya."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিস্বিডির প্রজেক্টে অনুদান দিন